গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
www.dme.gov.bd

শিক্ষা নিয়ে গড়ব দেশ,
শেখ হাসিনার বাংলাদেশ

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০০১.৬০.০০৩.১৮.১২৯

তারিখ: ১৭ কার্তিক ১৪২৫
০১ নভেম্বর ২০১৮

বিষয়: **দেশের প্রতিটি মাদ্রাসার গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন প্রসঙ্গে**

সূত্র: ১. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের স্মারক নং ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২ তারিখ: ১৯ আগস্ট ২০১৮খ্রি.
২.টিএমইডি (প্রশাসন ও অর্থ) শাখা-১ এর স্মারক নং ৫৭.০০.০০০০.০০১.১৮.০০৮.১৭-৯৬৩ তারিখ: ১৯/০৯/২০১৮খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের নিমিত্ত জানানো যাচ্ছে যে,মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের ২৪.০৭.২০১৮খ্রি. সভার কার্যবিবরণী ও কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের নির্দেশনা মোতাবেক বাংলাদেশের সকল মাদ্রাসার গ্রন্থাগারে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা প্রয়োজন।

০২.এমতাবস্থায় বাংলাদেশের সকল মাদ্রাসার গ্রন্থাগারে (সংযুক্ত পত্র অনুসারে) একটি বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: ০২ ফর্দ

১-১১-২০১৮
মোঃ সাইফুল ইসলাম
উপ-পরিচালক

বিতরণ :
১) সরকারি মাদ্রাসা ই আলিয়া, ঢাকা/সরকারি মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া/সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট
২) জেলা শিক্ষা অফিসার (সকল)[তাঁর আওতাধীন মাদ্রাসায় উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]
৩)
অধ্যক্ষ/সুপার...........মাদ্রাসা,পো:.........,উপজেলা........,জেলা.........
৪) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)[তাঁর আওতাধীন মাদ্রাসায় উপরিউক্ত নির্দেশনা বাস্তবায়নের অনুরোধসহ]

১-১১-২০১৮
মো:শাহীনুর ইসলাম
সহকারী পরিচালক

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
প্রাপ্তি নং ৮৪৫০
তারিখ ২৪/০৯/২০১৮
নথিতে দিন

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শাখা-১ (প্রশাসন ও অর্থ)**
www.tmed.gov.bd.

নং- ৫৭.০০.০০০০.০০১.১৮.০০৮.১৭-৯৬৩

তারিখঃ ০৪ আশ্বিন, ১৪২৫
১৯ সেপ্টেম্বর, ২০১৮

**বিষয়ঃ দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন।**

সূত্রঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের পত্র নং-৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২-১৭৮; তারিখ: ১৯.০৮.২০১৮ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের মাধ্যমে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ে হতে প্রাপ্ত গত ২৪.০৭.২০১৮ তারিখের সভার কার্যবিবরণীর ছায়ালিপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। সংযুক্ত পত্রের সিদ্ধান্ত অনুযায়ী তাঁর অধীনস্থ প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে **'বঙ্গবন্ধু কর্ণার'** স্থাপনের জরুরি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ জানানো হলো।

০২. **বিষয়টি অতিব জরুরি।**

সংযুক্তি: কার্যবিবরণী ০১ (এক) পাতা।

(মোহাম্মদ শহীদুল্লাহ্)
সিনিয়র সহকারী সচিব (প্র. ও অর্থ)
☎: ৯৫৭৫৮০৭

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ২নং অরফানেজ রোড, বকশীবাজার, ঢাকা।
৫. পরিচালক (যুগ্মসচিব), জাতীয় কম্পিউটার প্রশিক্ষণ ও গবেষণা একাডেমী (নেকটার), বগুড়া।
৬. অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইন্‌স্টিটিউট (বি.এম.টি.টি.আই.), বোর্ড বাজার, গাজীপুর।

**অনুলিপিঃ**

১. যুগ্মসচিব (প্রশাসন ও অর্থ), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৩. অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বেসরকারি মাধ্যমিক-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd.

নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২- ৭৭৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

# দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপনের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী

সভাপতি : জাবেদ আহমেদ, অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
সভার তারিখ : ২৪ জুলাই ২০১৮
সময় : ১১:৩০ মিনিট
স্থান : সভা কক্ষ (কক্ষ নং-১৮১৫, ভবন নং-৬), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক'দ্রষ্টব্য।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, বেগম আখতার জাহান, মাননীয় সংসদ সদস্য, ৩০৫, মহিলা আসন-৫, দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ডি.ও. পত্র প্রদান করেছেন। উক্ত ডি.ও. পত্রের বিষয়ে চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা-এর নিকট মতামত চাওয়া হলে তিনি জানায় যে, "দেশের প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের গ্রন্থাগারে "বঙ্গবন্ধু কর্ণার" স্থাপন প্রয়োজন।

২.০ জনাব মাহবুবুর রশীদ, উপসচিব, প্রথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বলেন দেশের প্রাথমিক বিদ্যালয়গুলোতে কোন লাইব্রেরি নেই। তবে প্রতিটি পিটিআই এবং ইউআরসি-তে একটি করে লাইব্রেরি আছে সেখানে বঙ্গবন্ধু কর্ণার স্থাপন করা যেতে পারে। বঙ্গবন্ধুর নিজের লেখা অনেক বই রয়েছে। এছাড়া বঙ্গবন্ধুর উপর লেখা অনেক বই বাজারে রয়েছে। লাইব্রেরির মধ্যে যে কোন পার্শ্বে একটি কর্ণার করা যেতে পারে। বঙ্গবন্ধুর উপর লিখা ২৬ টি বইয়ের একটি প্যাকেজ রয়েছে। তা মুক্তিযুদ্ধ বিষয়ক জাদুঘর হতে সংগ্রহ করা যেতে পারে।

৩.০ প্রফেসর ড. মোঃ আব্দুল মান্নান, পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর জানান, মাধ্যমিক পর্যায়ে ১৯০০০ বিদ্যালয়ের প্রতিটি বিদ্যালয়ে একটি করে লাইব্রেরী এবং একজন লাইব্রেরিয়ান আছে। বঙ্গবন্ধুর নিজের লিখা এবং বঙ্গবন্ধুর উপর লিখা বই নিয়ে লাইব্রেরির মধ্যে যে কোন পার্শ্বে একটি কর্ণার করা যেতে পারে এবং একটি আলাদা সেলফ করা যেতে পারে। বঙ্গবন্ধু কর্ণারে কি কি বই রাখা হবে তার একটি তালিকা করা যেতে পারে। দেশ ও বিদেশ হতে প্রকাশিত প্রকাশনাসমূহ ডিসপ্লে করা যেতে পারে। কিছু অডিও ও ভিডিও এবং ছবি সংরক্ষণ করা যেতে পারে। ৭ই মার্চ এর ভাষণের অডিও ভিডিও ডকুমেন্ট রাখা যেতে পারে। বঙ্গবন্ধু কর্ণার একটি আদালা কক্ষে হলে ভাল হয় তবে আলাদা কক্ষ না পাওয়া না গেলে লাইব্রেরির যে কোন একটি কর্ণার নির্ধারণ করতে হবে। তবে বিতর্কিত কোন কিছু এ কর্ণারে রাখা যাবে না সেদিকে নজর রাখতে হবে।

৪.০ মহাপরিচালক, ব্যানবেইস বলেন বঙ্গবন্ধু কর্ণারের একটি মডেল তৈরি করা যেতে পারে। ইনটেনিয়ার ডিজাইনদের দিয়ে একটি ডিজাইন করা যেতে পারে। ভিকারুননেসা নুন স্কুল এন্ড কলেজে এ বিষয়ে একটি পাইলট প্রোগ্রাম নেয়া যেতে পারে। বঙ্গবন্ধু কর্ণারের জন্য ১০ ফিট বাই ১০ ফিট জায়গা রাখা যেতে পারে। বঙ্গবন্ধু কর্ণারের ৬ দফা, ১১ দফা ১৯৫২, ১৯৭৯ এর ১৯৭৪ সালের দলিল সমূহ সংরক্ষণ করা যেতে পারে।

৫.০ যুগ্ম সচিব (বেসরকারি মাধ্যমিক) বলেন, আমরা বঙ্গবন্ধু কর্ণারের একটি নমুনা তৈরি করে সেখানে কি কি বই, ছবি, অডিও ভিডিও ডকুমেন্ট রাখা যাবে তা মন্ত্রণালয় হতে নির্দিষ্ট করে দিতে হবে। তা এটি নির্দিষ্ট করে না দিলে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে সমস্যা দেখা দিতে পারে।

৬.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহিত হয়:

৬.১ বঙ্গবন্ধুর উপর লিখা শিশু একাডেমি থেকে প্রকাশিত বইয়ের তালিকা সংগ্রহ করতে হবে;

৬.২ বঙ্গবন্ধু কর্ণারে রাখার জন্য ৭ই মার্চ এর ভাষন, দলিল, বঙ্গবন্ধুর আত্নজীবনী, বঙ্গবন্ধুকে নিয়ে লিখা বই, অডিও ও ভিডিও এবং ছবি, ৬ দফা, ১১ দফা ১৯৫২, ১৯৭৯ এর ১৯৭৪ সালের দলিল সমূহের একটি তালিকা মুক্তিযুদ্ধ যাদুঘর হতে সংগ্রহ করতে হবে;

৬.৩ ভিকারুননেসা নুন স্কুল এন্ড কলেজে বঙ্গবন্ধু কর্ণার স্থাপনের জন্য একটি পাইলট কর্মসূচী নেয়া যেতে পারে।

৭.০ সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
তারিখ: ১৬/৮/২০১৮
(জাবেদ আহমেদ)
অতিরিক্ত সচিব (বেসরকারি মাধ্যমিক)

নং- ৩৭.০০.০০০০.০৭২.৪৪.০৬৪.১২- ৩৭৮

তারিখ: ০৪ ভাদ্র ১৪২৫ বঙ্গাব্দ
১৯ আগস্ট ২০১৮ খ্রিস্টাব্দ

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:
১) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৪) মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা।
৫) যুগ্ম-সচিব, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ।
৬) চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বোর্ড, ঢাকা।
৭) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

(মোঃ কামরুল হাসান) ১৯/৮/১৮
উপসচিব
ফোনঃ ৯৫৪৫৭২০